মেহেরপুরে ২০ বিঘা জমির কলা কেটে তছরুপ, আনুমানিক ক্ষতি ৩০ লাখ

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামের শ্রী গাড়ির মাঠে কৃষকের ২০ বিঘা জমির কলা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা। এতে কৃষকের আনুমানিক ৩০ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান কৃষকরা ।

রবিবার দিবাগত রাতের কোনো এক সময় কলা তছরুপের এই ঘটনা ঘটে।

সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন আক্তার জানান, ১৫ থেকে ২০ বিঘা জমিতে প্রায় আড়াই থেকে তিন হাজার কাঁদি কলা তছরুপ করা হয়েছে। তিনি বলেন, ক্ষতিগ্রস্থ কৃষকদের সরকারি সহায়তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

খবর পেয়ে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ শংকর কুমার মজুমদার, সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন আক্তার ঘটনাস্থলে যান।

এঘটনায় সন্দেহভাজনদের আসামি করে মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন কৃষকরা।
বিস্তারিত আসছে—-